গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১২০/২০১৭-১৮

ঢাকা, বুধবার ২০ ডিসেম্বর ২০১৭, ৬ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সাথে তুরস্কের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ : রোহিঙ্গা প্রত্যাবাসনে সহযোগিতার আশ্বাস

২। রোহিঙ্গা সংকট নিরসনে একসঙ্গে কাজ করবে ঢাকা-আঙ্কারা
যৌথ বিবৃতিতে বাংলাদেশ ও তুরস্কের প্রধানমন্ত্রী

৩। তুরস্কের প্রধানমন্ত্রী ইলদিরিমের সম্মানে প্রধানমন্ত্রীর নৈশভোজ

৪। ক্যান্সার ওয়ার্ড উদ্বোধন করলেন তুরস্কের প্রধানমন্ত্রী

৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ-মিয়ানমার যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন

৬। স্পিকারের সাথে ইন্দোনেশিয়ার ডেপুটি স্পিকারের সাক্ষাৎ
রোহিঙ্গা ইস্যুতে সহযোগিতা প্রত্যাশা

৭। হার্টের ভাল্ব ও পেসমেকারের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ
ভাল্বের ক্ষেত্রে ২৬ হাজার টাকা, পেসমেকারে ৪ লাখ ৭ হাজার টাকা পর্যন্ত দাম কমেছে

৮। ডিজিটাল বিশ্বের নিরাপত্তায় জেনেভা সম্মেলনে ৪ বৈশ্বিক চুক্তির প্রস্তাব তথ্যমন্ত্রী ইনুর

৯। মাধ্যমিক শিক্ষায় বিশ্বব্যাংকের ৫১ কোটি মার্কিন ডলার ঋণ

১০। সক্ষমতায় চট্টগ্রামবন্দর পাঁচ ধাপ এগিয়েছে
২০৩০ সালের মধ্যে শীর্ষ ত্রিশে জায়গা করে নেবে বলে অর্থমন্ত্রীর আশাবাদ

১১। জন্ম-মৃত্যু নিবন্ধন ফি কমানোর সিদ্ধান্ত

১২। থার্টিফার্স্টে রাত ৮টার মধ্যে বহিরাগতদের গুলশান ছাড়তে হবে : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সাথে তুরস্কের প্রধানমন্ত্রীর সাক্ষাৎ : রোহিঙ্গা প্রত্যাবাসনে সহযোগিতার আশ্বাস**

তুরস্কের প্রধানমন্ত্রী বিনআলি ইলদিরিম রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাসহকারে প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার ব্যাপারে বাংলাদেশকে আশ্বাস দিয়েছেন। গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এর সঙ্গে সাক্ষাৎকালে তুরস্কের সফররত প্রধানমন্ত্রী এ আশ্বাস দেন। রাষ্ট্রপতি বাস্তুচ্যুত রোহিঙ্গা ইস্যুতে আন্তরিক সমর্থন ও সহায়তা প্রদানের জন্য তুরস্কের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। রাষ্ট্রপতি জেরুজালেম ইস্যুতে ওআইসি'র বিশেষ শীর্ষ সম্মেলন আহ্বান করে সময়োচিত পদক্ষেপ গ্রহণের জন্য তুরস্কের প্রেসিডেন্ট ও সে দেশের জনগণকে ধন্যবাদ জানান। তিনি বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক ওআইসি'র সহকারী মহাসচিব পদে বাংলাদেশের প্রার্থীকে নির্বাচনে তুরস্কের সমর্থন ও সহযোগিতা কামনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১)।

২। **রোহিঙ্গা সংকট নিরসনে একসঙ্গে কাজ করবে ঢাকা-আঙ্কারা**
যৌথ বিবৃতিতে বাংলাদেশ ও তুরস্কের প্রধানমন্ত্রী

রোহিঙ্গা সংকট সমাধান, পারস্পরিক স্বার্থ ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে ঢাকা ও আঙ্কারা একসঙ্গে কাজ করতে সম্মত হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে তুরস্কের প্রধানমন্ত্রী বিনআলি ইলদিরিমের সঙ্গে একান্ত ও দ্বিপক্ষীয় বৈঠকের পর যৌথ বিবৃতিতে তিনি এ কথা জানান। বিবৃতিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী দেশের উন্নয়নের অগ্রযাত্রায় তুরস্ক পাশে থাকবে বলে আশাপ্রকাশ করেন। অপরদিকে, রোহিঙ্গা সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত আন্তর্জাতিক সম্প্রদায় ও জাতিসংঘকে বাংলাদেশের পাশে থাকতে যৌথ বিবৃতিতে আহ্বান জানান বিনআলি ইলদিরিম। যৌথ বিবৃতির আগে ক্ষুদ্র ও মাঝারিশিল্পের উন্নয়ন এবং পণ্যের মাননিয়ন্ত্রণে প্রাতিষ্ঠানিক পর্যায়ে সহযোগিতা বাড়াতে দুই প্রধানমন্ত্রীর উপস্থিতিতে দু'দেশের মধ্যে দু'টি সমঝোতা স্মারক সই হয়। বাংলাদেশের এসএমই ফাউন্ডেশন এবং তুরস্কের এসএমই ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের মধ্যে এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন এবং টার্কিশ স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউশনের মধ্যে স্মারক স্বাক্ষরিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

৩। **তুরস্কের প্রধানমন্ত্রী ইলদিরিমের সম্মানে প্রধানমন্ত্রীর নৈশভোজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তুরস্কের প্রধানমন্ত্রী বিনআলি ইলদিরিমের সম্মানে গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) সন্ধ্যায় রাজধানীর সোনারগাঁও হোটেলে নৈশভোজের আয়োজন করেন। নৈশভোজে মন্ত্রী, তুরস্ক প্রতিনিধিদলের সদস্য এবং বিশিষ্ট ব্যক্তিরা যোগ দেন। এ উপলক্ষে বিশিষ্ট সংগীত ও নৃত্যশিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে দু'দিনের সফরে গত ১৮ ডিসেম্বর সোমবার রাতে ঢাকা আসেন তুরস্কের প্রধানমন্ত্রী। ঢাকায় পৌঁছানোর পর গতকাল মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে তিনি সাভারের স্মৃতিসৌধে যান। সেখানকার আনুষ্ঠানিকতা শেষে ধানমণ্ডির ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন। এ সময় তিনি জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানান। সূত্র-**বনিক বার্তা** (পৃ.৬,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৪। **ক্যান্সার ওয়ার্ড উদ্বোধন করলেন তুরস্কের প্রধানমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, তুরস্কের প্রধানমন্ত্রী বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের মিয়ানমারে ফেরত পাঠানোর বিষয়ে আন্তরিকভাবে কাজ করছে। গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) সকালে শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ হাসপাতালে ক্যান্সার রোগীদের জন্য শীতাতপ নিয়ন্ত্রিত ৬০ শয্যাবিশিষ্ট অত্যাধুনিক ওয়ার্ডের উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। তুরস্কের প্রধানমন্ত্রী বিনআলী ইলদ্রিম এ ক্যান্সার ওয়ার্ডের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ-মিয়ানমার যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন

রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ-মিয়ানমার যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। ৩০ সদস্যের এ গ্রুপ নিরাপদ প্রত্যাবাসন শুরু করতে প্রয়োজনীয় বিভিন্ন উদ্যোগ নেবে। গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) ঢাকায় দুই দেশের প্রতিনিধিদলের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়। এ-সংক্রান্ত টার্মস অভ্ রেফারেন্সে স্বাক্ষর করেন বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রসচিব শহীদুল হক এবং মিয়ানমারের পক্ষে সে দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্থায়ী সচিব উ মিন্ট থ। ওয়ার্কিং গ্রুপে নিজ নিজ দেশের প্রতিনিধিদলের পক্ষেও নেতৃত্ব দেবেন দুই দেশের পররাষ্ট্রসচিব। পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী গতকাল এক সংবাদ সম্মেলনে যৌথ ওয়ার্কিং গ্রুপ গঠনকে রোহিঙ্গা সংকট সমাধানে উল্লেখযোগ্য অগ্রগতি হিসেবে বর্ণনা করেছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউএজ** এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। স্পিকারের সাথে ইন্দোনেশিয়ার ডেপুটি স্পিকারের সাক্ষাৎ : রোহিঙ্গা ইস্যুতে সহযোগিতা প্রত্যাশা

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রোহিঙ্গা ইস্যুতে ইন্দোনেশিয়ার কাছ থেকে আরও সহযোগিতা প্রত্যাশা করেছেন। তিনি বলেন, রোহিঙ্গা ইস্যু একটি মানবিক সমস্যা। এ ইস্যুতে বাংলাদেশের পক্ষে আন্তর্জাতিক জনমত তৈরি হয়েছে। তিনি এ বিষয়ে বিশ্ব সম্প্রদায়ের আরও সহযোগিতার কথাও ব্যক্ত করেন। সফররত ইন্দোনেশিয়ার ডেপুটি স্পিকার ড. ফাদলি জোনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) তাঁর কার্যালয়ে এক বৈঠকে মিলিত হলে স্পিকার তার কাছে এ প্রত্যাশার কথা তুলে ধরেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

৭। হার্টের ভাল্ব ও পেসমেকারের সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণ

ভাল্বের ক্ষেত্রে ২৬ হাজার টাকা, পেসমেকারে ৪ লাখ ৭ হাজার টাকা পর্যন্ত দাম কমেছে

দেশে প্রথমবারের মতো হার্টের ভাল্ব এবং পেসমেকারের সর্বোচ্চ খুচরামূল্য (এমআরপি) নির্ধারণ করা হয়েছে। সরকারের ঔষধ প্রশাসন অধিদফতর সংশ্লিষ্ট সকলের মতামতের ওপর ভিত্তি করে এই মূল্য নির্ধারণ করেছে। মূল্য নির্ধারণে হার্টের ভাল্বের ক্ষেত্রে মডেল ও কোম্পানিভেদে ৪ হাজার ৮০০ টাকা থেকে ২৬ হাজার টাকা পর্যন্ত দাম কমানো হয়েছে। পেসমেকারের ক্ষেত্রে ৫ হাজার টাকা থেকে ৪ লাখ ৭ হাজার টাকা পর্যন্ত দাম কমানো হয়েছে। গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) ঔষধ প্রশাসন অধিদফতরের সম্মেলনকক্ষে আয়োজিত এক সভায় হার্টের ভাল্ব ও পেসমেকারের এমআরপি নির্ধারণের বিষয়টি জানান অধিদফতরের মহাপরিচালক। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.২), **যায়যায়দিন** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

৮। ডিজিটাল বিশ্বের নিরাপত্তায় জেনেভা সম্মেলনে ৪ বৈশ্বিক চুক্তির প্রস্তাব তথ্যমন্ত্রী ইনুর

ডিজিটাল বিশ্বকে নিরাপদ ও জনমুখী রাখতে জাতিসংঘের দ্বাদশ ইন্টারনেট গভর্নেন্স ফোরামে (আরজিএফ) ৪ বৈশ্বিক চুক্তির প্রস্তাব দিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গত ১৮ ডিসেম্বর সোমবার জেনেভায় জাতিসংঘ সম্মেলনকেন্দ্রের প্রধান হলে সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট ডরিস লুথার্ড পাঁচদিনের এ ফোরামের উদ্বোধনের পরপরই 'ভবিষ্যৎ ডিজিটাল বিশ্বের রূপরেখা' শিরোনামে মূল আলোচনাসভার অন্যতম প্রধান আলোচকের বক্তৃতায় তিনি এ প্রস্তাব দেন। নিরাপদ সাইবারস্পেস, জাতিসংঘের অধীনে ডিজিটাল অর্থনীতির কাঠামো, ইন্টারনেটকে মৌলিক মানবাধিকার ঘোষণা এবং জাতিসংঘের অধীনে ইন্টারনেটের গণতান্ত্রিক ব্যবস্থাপনা–এ চারটি চুক্তির প্রস্তাবের সঙ্গে উন্নয়নকামী দেশগুলোর মানুষের ইন্টারনেট প্রাপ্তি ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে আরও সাতটি কর্মপরিকল্পনাও পেশ করেন তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২)।

৯। মাধ্যমিক শিক্ষায় বিশ্বব্যাংকের ৫১ কোটি মার্কিন ডলার ঋণ

বাংলাদেশের মাধ্যমিক শিক্ষাব্যবস্থা ও শিক্ষার্থীদের ফলাফলের উন্নতির জন্য 'ট্রান্সফরমিং সেকেন্ডারি এডুকেশন ফর রেজাল্ট' শীর্ষক কর্মসূচিতে বিশ্বব্যাংক ৫১ কোটি মার্কিন ডলার ঋণ অনুমোদন করেছে।

বিশ্বব্যাংকের ঢাকা অফিস গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) এ তথ্য জানায়। মাধ্যমিক শিক্ষায় ভালো ফলের জন্য সরকারের এ কর্মসূচিতে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির ১ কোটি ৩০ লাখ শিক্ষার্থী উপকৃত হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)।

১০। সক্ষমতায় চট্টগ্রামবন্দর পাঁচ ধাপ এগিয়েছে

২০৩০ সালের মধ্যে শীর্ষ ত্রিশে জায়গা করে নেবে বলে অর্থমন্ত্রীর আশাবাদ

সক্ষমতার দিক থেকে দেশের অর্থনীতির প্রাণশক্তি ও প্রধান সমুদ্রবন্দর চট্টগ্রাম পাঁচ ধাপ এগিয়েছে। বিশ্বের শীর্ষ ১০০টি কনটেইনার বন্দরের মধ্যে চট্টগ্রাম বন্দর ৭১তম অবস্থানে এসেছে। লন্ডনভিত্তিক শিপিংবিষয়ক বিশ্বের সবচেয়ে পুরনো সংবাদমাধ্যম 'লয়েডস্ লিস্ট' এর ২০১৬ সালের এক জরিপে এ তথ্য প্রকাশ করা হয়েছে। ২০১৫ সালে এ অবস্থান ছিল ৭৬তম। আগামী ২০৩০ সালের মধ্যে চট্টগ্রামবন্দর শীর্ষ ত্রিশে জায়গা করে নেবে বলে আশাপ্রকাশ করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। চট্টগ্রামবন্দর কনটেইনার হ্যান্ডলিংয়ে ৭১তম স্থান অর্জন করায় গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশেষ আয়োজনের মধ্যে দিয়ে এ সাফল্য উদ্‌যাপন করা হয়। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.২)।

১১। জন্ম-মৃত্যু নিবন্ধন ফি কমানোর সিদ্ধান্ত

বাংলাদেশের নাগরিকদের জন্ম-মৃত্যু নিবন্ধন ফি ৭৫ শতাংশ কমানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। গত সোমবার স্থানীয় সরকার বিভাগ থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়। আদেশে বলা হয়েছে, জন্ম বা মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করলে কোনো ফি দিতে হবে না। তবে জন্মের ৪৫ দিন পর থেকে পাঁচ বছর পর্যন্ত শিশুদের জন্য দেশে ২৫ টাকা এবং বিদেশে এক মার্কিন ডলার ফি দিতে হবে। ২০১৭ সালের মার্চে এ ফি নির্ধারণ করা হয়েছিল দেশে ১০০ টাকা ও বিদেশে দুই মার্কিন ডলার। পাঁচ বছরের বেশি বয়সীদের জন্মনিবন্ধনের জন্য এখন দেশে ৫০ টাকা ও বিদেশে এক মার্কিন ডলার গুনতে হবে; আগে যা দেশে ২০০ টাকা, বিদেশে চার মার্কিন ডলার নির্ধারণ করা হয়েছিল।এ ছাড়া যে কোনো তথ্য সংশোধনের জন্য এখন দেশে দিতে হবে ১০০ টাকা। বিদেশে দুই মার্কিন ডলার; আগে যা দেশে ৫০০ টাকা ও বিদেশে ১০ মার্কিন ডলার ছিল। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২)।

১২। থার্টিফার্স্টে রাত ৮টার মধ্যে বহিরাগতদের গুলশান ছাড়তে হবে : ডিএমপি কমিশনার

ইংরেজি বছরের শেষদিন ৩১ ডিসেম্বর রাত ৮টার মধ্যে বহিরাগতদের গুলশান এলাকা ছাড়ার নির্দেশনা দিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল (১৯ ডিসেম্বর মঙ্গলবার) ডিএমপি হেডকোয়ার্টার্সের বড়দিন ও ইংরেজি নববর্ষ উপলক্ষে নিরাপত্তা ও ট্রাফিকসংক্রান্ত সমন্বয়সভায় এ নির্দেশনা দেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক** : ঢাকাকে পরিচ্ছন্ন ও সবুজ নগর হিসেবে গড়ে তুলতে 'গ্রিন ঢাকা ও ক্লিন ঢাকা' নামের দু'টি কর্মসূচির বেহাল দশার চিত্র তুলে ধরে ভবিষ্যতে কোনো প্রকল্পে এ ধরনের পরিস্থিতি না ঘটার প্রত্যাশা।

খ. **সংবাদ, ইত্তেফাক** : প্রশ্নফাঁসের কারণ জানার চেয়ে প্রশ্নফাঁস চক্রটি নির্মূল করে প্রশ্নফাঁস রোধ করাই বেশি গুরুত্বপূর্ণ বলে অভিমত।

গ. **জনকণ্ঠ** : শিশু নিপীড়নের ঘটনা প্রতিহতে সামাজিক আন্দোলন গড়ে তোলাসহ আইনের কঠোর প্রয়োগের সুপারিশ।

ঘ. **যুগান্তর, নিউ এজ, ফিনানশিয়াল এক্সপ্রেস** : সম্প্রতি ছিনতাইকারীর থাবায় শিশুমৃত্যুর ঘটনায় উদ্বেগ

প্রকাশ করে আইনশৃঙ্খলা বাহিনীকে আইনশৃঙ্খলা রক্ষায় আরও দায়িত্বশীল হওয়ার আহ্বান।

ঙ. **ইনকিলাব :** উপকূলীয় ও মঙ্গাপীড়িত অঞ্চলসহ সারাদেশের দরিদ্র জনগোষ্ঠীকে ক্ষুদ্রঋণের নামে অবৈধ দাদন ব্যবসার ফাঁদ থেকে রক্ষায় কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের ৬১টি জেলা পরিষদের অবৈধভাবে দখলকৃত ২৩০০ পুকুর উদ্ধার করে তাতে বৃষ্টির পানি ধরে রেখে জনগণকে নিরাপদ পানি সরবরাহের সরকারি উদ্যোগের সাফল্যের প্রত্যাশা।

ছ. **ডেইলি সান :** রোগীদের সেবায় যথাযথ ডায়াগনোসিস ও চিকিৎসাসেবা প্রদানে ডাক্তারদের আরও আন্তরিকভাবে কাজ করার আহ্বান।

জ. **নিউজ টুডে :** ভুয়া ও প্রতারক হজ এজেন্সির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের দ্বারা প্রতারণা বন্ধের সুপারিশ।

ঝ. **এশিয়ান এজ :** ন্যাশনাল ইনস্টিটিউট অভ্ ক্যান্সার রিসার্চ এন্ড হসপিটালের জরুরি যন্ত্রপাতি দীর্ঘদিন ধরে অকেজো পড়ে থাকায় রোগীদের যথাযথ চিকিৎসা ব্যাহত হওয়ায় সব সরকারি হাসপাতালে চিকিৎসা যন্ত্রপাতি সচল রাখা ও দক্ষ জনবল নিয়োগের দ্বারা রোগীদের সেবা পাওয়া নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাপ্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য শিক্ষাদান নয়, ব্যবসায়িক মুনাফাবাজিতে পরিণত হয়ে শিক্ষাব্যবস্থায় সর্বনাশা পরিস্থিতির সৃষ্টি করেছে।

নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত **'উন্নয়নের সুফল নির্বিঘ্ন হোক'** শিরোনামের নিবন্ধে সরকারের সব উন্নয়ন কর্মকাণ্ডের সাফল্যের পথে সব বাধা দূর করে উন্নয়নের সুফল ও নাগরিক অধিকার নিশ্চিত করতে হবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/রশীদ/২০১৭/৯.০০